গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
www.dss.sadarsouth.comilla.gov.bd

স্মারক নং-৪১.০১.১৯৩৩.০০০.০০০.১৬.০০০১.২০.১১৮

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩
০৮ জুলাই ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীরসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম( হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬ তারিখ-৩০/০৬/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীরসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম( হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।

আবেদনের লিংক- dss.bhata.gov.bd/online-application

**<u>প্রচার, আবেদন গ্রহণ, যাচাই-বাছাই সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপঃ</u>**

ক. বাস্তবায়ন নীতিমালার আলোকে ০১/০৭/২০২৬ খ্রি. হতে ৩১/০৭/২০২৬ খ্রি. পর্যন্ত প্রচার প্রচারনা করতে হবে এবং ০১/০৮/২০২৬ খ্রি. হতে ৩১/০৮/২০২৬ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।
খ. আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন।
গ. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে।
ঘ. আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল/ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদেরে সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
ঙ. আবেদনকারী অন্য কোন সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
চ. পূর্বের আবেদন করা থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
ছ. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইন আবেদন এর ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।
জ. বিদ্যমান নীতিমালা অনুযায়ী চূড়ান্ত তালিকা অনুমোদন সম্পন্ন করা হবে।
ঝ. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১/০৭/২০২৬ খ্রি. হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নে অনলাইন আবেদনের লক্ষ্যে প্রচার প্রচারনা এবং উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(সুজন চন্দ্র রায়)
উপজেলা সমাজসেবা অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

প্রশাসক/চেয়ারম্যান
........................ইউনিয়ন পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং-৪১.০১.১৯৩৩.০০০.০০০.১৬.০০০১.২০.১১৮(৬)

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩
০৮ জুলাই ২০২৬

সদয় অবগতির জন্য নুলিপি প্রেরণ করা হলো
০১) পরিচালক(সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
০২) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
০৩) প্রশাসক, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৪) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।
০৫) ইউনয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক(সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬) অফিস কপি।

(মোছাঃ শামীমা শারমীন)
উপজেলা সমাজসেবা অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

CamScanner